

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫২৮৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ইবাদতের জন্য হায়াত ও দৌলতের আকাঙ্ক্ষা করা

### أَلْفَصْلُ الثَّنْفِ (بَابُ اسْتِحْبَابِ الْمَالِ وَالْعُمْرِ لِلطَّاعَةِ)

আরবী

عَنْ أَبِي بَكْرَةَ أَنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ النَّاسِ خَيْرٌ؟ قَالَ: «مَنْ طَالَ عُمُرُهُ وَحَسُنَ عَمَلُهُ». قَالَ: فَأَيُّ النَّاسِ شَرٌّ؟ قَالَ: «مَنْ طَالَ عُمُرُهُ وَسَاءَ عَمَلُهُ». رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ

সنده ضعیف ، رواه احمد (5 / 40 ح 20686) و الترمذی (2330) وقال : حسن صحیح) و الدارمی (2 / 308 ح 2745 - 2746) \* علی بن زید بن جدعان ضعیف و حدیث الترمذی (2329) یغنی عنه -

বাংলা

৫২৮৫-[২] আবু বকরাহ (রাঃ) হতে বর্ণিত। এক ব্যক্তি প্রশ্ন করল : হে আল্লাহর রসূল! মানুষের মধ্যে উত্তম কে? তিনি (সা.) বললেন : যার জীবন দীর্ঘ হয় এবং আমল ভালো হয়। সে আবার প্রশ্ন করল, মন্দ ব্যক্তি কে? তিনি (সা.) বললেন : যার বয়স দীর্ঘ হয়, কিন্তু আমল মন্দ হয়। (আহমাদ, তিরমিযী ও দারিমী)

ফুটনোট

সহীহ : মুসনাদে আহমাদ ১৭৭১৬, তিরমিযী ২৩২৯, দারিমী ২৭৪২, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৩৩৬৩, সিলসিলাতুস সহীহাহ্ ৬৮৯২, রিয়াযুস সলিহীন ১১০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৪৪২০, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৫০৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৭৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَيُّ النَّاسِ خَيْرٌ) কোন লোকটি উত্তম তথা কোন প্রকার লোক সর্বোত্তম।  
 (قَالَ: «مَنْ طَالَ عُمُرُهُ وَحَسُنَ عَمَلُهُ») এ প্রসঙ্গে আল্লামাহ্ ক্বারী (রহিমাহুল্লাহ) বলেন, আরো দুই প্রকার লোকের  
 বিবরণ অবশিষ্ট রয়েছে যাদের ভালো ও মন্দ কর্মসমূহ উভয়ই সমান সমান। তারা হলো যার বয়স কম তবে  
 ‘আমল অনেক ভালো অথবা ‘আমল খারাপ। (তুহফাতুল আহওয়াযী ৬/২৩৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85264>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন